# পশ্চিমবঙ্গ সরকার
## মহকুমা শাসকের করণ, বিষ্ণুপুর
## জেলা- বাঁকুড়া

স্মারক সংখ্যা – ৯৪/ সাধারণ তারিখ-০৯/০৩/২০২২

## বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, স্বাস্থ্য মিশনের ২৭.০৬.২০১২ তারিখের পত্র নং HFW/NRHM-20/2006/(Part-II)/1631, Dated-27.06.2012 ও পত্র নং HFW/NHM-466/2021/3078, Dated-07.10.2021 অনুযায়ী বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমার অন্তর্গত বিভিন্ন ব্লকের সংযোজনী-২ তে উল্লিখিত উপস্বাস্থ্য কেন্দ্রের (পাশে উল্লিখিত স্থানের) Accredited Social Health Activist/ আশা (ASHA) নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অন্তর্গত গ্রামগুলির মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদন পত্রে (সংযোজনী-১) দরখাস্ত আহ্বান করা হচ্ছে ।

শর্তাবলী :-

১) কেবলমাত্র বিবাহিত/বিধবা/আদালত কর্তৃক আদেশনামা প্রাপ্ত বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারবেন।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের/ স্থানের (সংযোজনী-২ তে উল্লিখিত গ্রাম/গ্রামসমূহ) স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমান স্বরূপ সাম্প্রতিক তালিকা অনুসারে প্রার্থীকে তার ভোটার কার্ড (EPIC)/ রেশন কার্ড এর স্ব-প্রত্যয়িত নকল অবশ্যই জমা দিতে হবে।

৩) সাধারণ প্রার্থীর বয়স ০১.০১.২০২২ তারিখে ৩০ থেকে ৪০ (ত্রিশ থেকে চল্লিশ) বছরের মধ্যে হতে হবে। তপশিলি জাতি, তপশিলি উপজাতি ভুক্ত প্রার্থীদের বয়সসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ (বাইশ থেকে চল্লিশ) বছরের মধ্যে হতে হবে।

৪) প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে, মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ(Appeared) কিন্তু অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন,এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষার প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষাকে,প্রার্থীর মুল্যায়নে আলাদাভাবে বিবেচনা করা হবে না।

৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা,প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিঙ্ক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনায় যোগ্য হবেন।

৬) সাবসেন্টার সন্নিহিত গ্রাম সমূহের (সারণী দ্রষ্টব্য) ২০১১ সালের জনগণনা-র (SECC-2011) তথ্য অনুযায়ী তপশিলি জাতি/ উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও তপশিলি উপজাতি শংসাপত্র দাখিল করা প্রার্থীরাই অগ্রাধিকার পাবেন। যদি উপযুক্ত প্রার্থী না পাওয়া যায়, তবে সাধারণ প্রার্থীরা বিবেচিত হতে পারেন। (পত্রাঙ্ক নং HFW-27011/375/2018-NHM SEC-Dept. of H&FW-Part(2)/3692, Dated-03.12.2021.

৭) আবেদনকারীর আবেদন পত্রের সঙ্গে যে সকল প্রমান পত্রের স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা করতে হবেঃ-

(ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ।

(খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয় পত্র (EPIC)/রেশন কার্ড।

(গ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত শংসাপত্র (তপশিলি জাতি, তপশিলি উপজাতির ক্ষেত্রে)।

(ঘ) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট ।

(ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা/প্রশিক্ষন প্রাপ্ত দাই এবং লিঙ্ক ওয়ার্কার প্রমানপত্র । (প্রযোজ্য হলে)

(চ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ফটো আবেদন পত্রের ছবিতে সামনে নীচের দিকে আড়াআড়ি এবং অন্য ছবিটিতে পিছনের দিকে আড়াআড়ি স্বাক্ষর করতে হবে।

শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদন পত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই (ক) থেকে (ঙ) তে উল্লিখিত প্রমানপত্র গুলির আসল দেখাতে হবে।



অ.দ.

(৮) উপরিউক্ত শর্তপূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ-এর তারিখ, সময় ও স্থান অ্যাডমিট কার্ড (Admit Card) এর মাধ্যমে যোগ্যপ্রার্থীদের অবহিত করা হবে।

(৯) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ-উপরোধ গ্রাহ্য হবে না।

(১০) আবেদন পত্র জমা দেওয়ার স্থানঃ- সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের (বি.ডি.ও) অফিসে রাখা এই সংক্রান্ত নির্দিষ্ট ড্রপ বক্সে।

(১১) আবেদন পত্র জমা দেওয়ার তারিখঃ- ১০.০৩.২০২২ থেকে ২৫.০৩.২০২২ বিকেল ৫:০০(পাঁচ) টা অবধি ( শনিবার, রবিবার ও সরকারী ছুটির দিন বাদে)।

আবেদন পত্রটি সংযোজনী-১ এবং ব্লক ভিত্তিক ASHA দের শূন্য পদের তালিকা সংযোজনী-২ তে উল্লিখিত হল।

স্বাঃ/- ০৯/০৩/২০২২

সদস্য সচিব,
আশা (ASHA) নির্বাচন কমিটি
ও
মহকুমা শাসক
বিষ্ণুপুর, বাঁকুড়া ।

স্মারক সংখ্যা – ৯৪(১)/২৫/ সাধারণ তারিখ-০৯/০৩/২০২২

অবগতির এবং ব্যাপক প্রচারের উদ্দেশ্যে নিম্নলিখিত করণে প্রেরিত হলঃ-

১) জেলা শাসক, বাঁকুড়া তথা চেয়ারপার্সন, আশা (ASHA) নির্বাচন কমিটি।

২) শ্রী তন্ময় ঘোষ, মাননীয় বিধায়ক, বিষ্ণুপুর বিধাসভা কেন্দ্র তথা ভাইস চেয়ারপার্সন, আশা (ASHA) নির্বাচন কমিটি।

৩) শ্রী অলোক মুখার্জী, মাননীয় বিধায়ক, বড়জোড়া বিধাসভা কেন্দ্র তথা সদস্য আশা (ASHA) নির্বাচন কমিটি।

৪) ডি.পি.ও(আই.সি.ডি.এস. ), বাঁকুড়া তথা সদস্য আশা (ASHA) নির্বাচন কমিটি।

৫) ডি.পি.এইচ.এন.ও, বিষ্ণুপুর স্বাস্থ্য জেলা তথা সদস্য আশা (ASHA) নির্বাচন কমিটি।

৬) মুখ্য স্বাস্থ্য আধিকারিক, বিষ্ণুপুর স্বাস্থ্য জেলা।

৭) সচিব, বাঁকুড়া জিলা পরিষদ।

৮-১৩) সভাপতি বিষ্ণুপুর/জয়পুর/কোতুলপুর/ইন্দাস/পাত্রসায়ের/সোনামুখী পঞ্চায়েত সমিতি।

১৪-১৯)সমষ্টি উন্নয়ন আধিকারিক, বিষ্ণুপুর/জয়পুর/কোতুলপুর/ইন্দাস/পাত্রসায়ের/সোনামুখী ব্লক। তাঁকে অনুরোধ করা হচ্ছে নির্দিষ্ট গ্রাম/গ্রাম গুলিতে মাইক ও ঢোলজারীর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে এবং আবেদনপত্র গ্রহনের জন্য ব্লক অফিসের সুনির্দিষ্ট স্থানে Drop-Box এর ব্যবস্থা করতে।

২০) ব্লক স্বাস্থ্য আধিকারিক, বিষ্ণুপুর/জয়পুর/কোতুলপুর/ইন্দাস/পাত্রসায়ের/সোনামুখী ব্লক। তাঁকে অনুরোধ করা যাচ্ছে তাঁর অধীনস্থ উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে ও নিজ অফিসের উপযুক্ত স্থানে বিজ্ঞাপনটি প্রদর্শনের ব্যবস্থা করতে।

২১) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,বাঁকুড়া। সংযোজিত বিজ্ঞাপনটি দুটি সংবাদ পত্রে (ইংরাজী ও বাংলা) প্রকাশ করার অনুরোধ করা হলো।

২২) ডি.আই.ও., এন.আই.সি,বাঁকুড়া – অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রেরণ করা হল।

২৩) সংশ্লিষ্ট প্রধান ........................................................ গ্রাম পঞ্চায়েত। তাঁকে অনুরোধ করা যাচ্ছে তাঁর অধীনস্থ যে সমস্ত গ্রামে আশাকর্মী নিয়োগ করা হবে তার প্রতিটির জন্য অন্ততঃ দুটি সুনির্দিষ্ট ও সর্বসাধারণের গোচরযোগ্য স্থানে বিজ্ঞাপনটি প্রদর্শনের ব্যবস্থা করতে।

২৪) ব্যক্তিগত সহায়ক, সভাধিপতি, বাঁকুড়া জেলা পরিষদ।

২৫) আপ্ত সহায়ক, সভাধিপতি, বাঁকুড়া জেলা পরিষদ।

স্বাঃ/- ০৯/০৩/২০২২

সদস্য সচিব,
আশা (ASHA) নির্বাচন কমিটি
ও
মহকুমা শাসক
বিষ্ণুপুর, বাঁকুড়া ।

# আবেদনপত্র

**সংযোজনী-১**

| | | | |
|---|---|---|---|
| For office use only<br>Received on:<br><br>Index No.<br><br>Roll No. | যে গ্রামের/এরিয়ার জন্য আবেদনপত্রঃ- | | প্রার্থীর স্বাক্ষরসহ পাসপোর্ট মাপের সাম্প্রতিক ছবি। |
| | উপ-স্বাস্থ্যকেন্দ্রের নামঃ- | | |
| | গ্রাম পঞ্চায়েতের নামঃ- | | |
| | ব্লকের নামঃ- | | |
| | ASHA পদের আবেদন পত্র<br>প্রতি, মহকুমা শাসক, বিষ্ণুপুর, জেলা- বাঁকুড়া ।<br>এতদ্বারা নিম্ন বিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথি সহ আমার আবেদনপত্র দাখিল করছি। | | |

| | | |
|---|---|---|
| আবেদনকারীর নামঃ- | বাংলা অক্ষরে | |
| | ইংরেজিতে বড় হাতের অক্ষরে | |

| | |
|---|---|
| পিতার নামঃ- | স্বামীর নামঃ- |

| | | |
|---|---|---|
| বর্তমান বসবাসের ঠিকানাঃ- | গ্রামঃ- | পোস্টঃ- |
| | থানাঃ- | পিনঃ- |
| স্থায়ী বসবাসের ঠিকানাঃ- | গ্রামঃ- | পোস্টঃ- |
| | থানাঃ- | পিনঃ- |

| | |
|---|---|
| মোবাইল নাম্বারঃ- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বৈবাহিক স্থিতিঃ- (✓ চিহ্ন দিন) | বিবাহিত | | বিধবা | | বিবাহবিচ্ছিন্না | |
| জাতিঃ- (✓চিহ্ন দিন) | সাধারণ | | তপশিলি জাতি | | তপশিলি উপজাতি | |

| | |
|---|---|
| উপ-স্বাস্থ্যকেন্দ্র থেকে দূরত্বঃ- | কি.মি.- |
| ভোটার (EPIC) কার্ড নং:- | রেশন কার্ড নং:- |

| ০১.০১.২০২২ তারিখে ভোটার লিস্ট অনুসারে | | নাম | অংশ নং | ক্রমিক নং |
|---|---|---|---|---|
| আবেদনকারীর | | | | |
| যে কোনো একটি ঘর পূর্ণ করুন। | বিবাহিতার জীবিত স্বামীর | | [redacted] | [redacted] |
| | বিধাবার পিতার/ স্বামীর | | [redacted] | [redacted] |
| | বিবাহ বিছিন্নার পিতার | | [redacted] | [redacted] |

| মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড বা মার্কশিট অনুযায়ী জন্মের তারিখঃ- | তারিখ | মাস | বছর | ০১.০১.২০২২ অনুসারে বয়স: | বছর | মাস | দিন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

## মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার বিশদ বিবরণ:-

| পরীক্ষার নাম | বোর্ড | পরীক্ষার বসার বছর | মোট নম্বর | প্রাপ্ত নম্বর | শতকরা (%) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

- উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, (উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর) যদি থাকে উল্লেখ করুন ------------------------------------------------------

দরখাস্তের সঙ্গে জমা করা স্বপ্রত্যয়িত নথিগুলিতে টিক দিন:-

১) অ্যাডমিট কার্ডের জন্য ১ কপি প্রার্থীর স্বাক্ষরসহ পাসপোর্ট মাপের সাম্প্রতিক ছবি। ☐
২) ৫ টাকার ডাকটিকিটসহ নিজ নাম ও ডাকযোগের ঠিকানা লেখা খাম। ☐
৩) জন্মতারিখের প্রমানস্বরূপ জন্ম সার্টিফিকেট বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড অথবা মার্কসিট। ☐
৪) গ্রামের স্থায়ী বাসিন্দার প্রমানস্বরূপ ভোটার কার্ড (EPIC) অথবা রেশন কার্ড। ☐
৫) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমানপত্র (তপশিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের জন্য)। ☐
৬) গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভরগোষ্ঠীর সদস্য/ প্রশিক্ষণপ্রাপ্ত দাই/ লিংক ওয়ার্কার-এর প্রমাণপত্র (প্রযোজ্য হলে)। ☐
৭) ০১.০১.২০২২ তারিখে ভোটার লিস্ট অনুসারে বর্তমান অংশ নং, ক্রমিক নং এর প্রত্যায়িত নকল। ☐
৮) মাধ্যমিক পরীক্ষার মার্কসিট (পাস অথবা ফেল) উভয়ের প্রত্যায়িত নকল। ☐
৯) আদালত কর্তৃক আদেশনামা প্রাপ্ত বিবাহ বিচ্ছেদের শংসাপত্র যদি থাকে। ☐
১০) বিবাহিত/বিধবা মহিলাদের ক্ষেত্রে স্বামীর নাম উল্লেখ থাকা প্রামান্য নথী অথবা গ্রাম পঞ্চায়েতের প্রধান ও নির্বাহী সহায়কের স্বাক্ষর সহ শংসাপত্র । ☐

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে উপরিবর্ণিত তথ্যাদির প্রমান্য নথি মুলে সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমানিত হলে আমি দণ্ডনীয় থাকিবো। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন।

..........................................................

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

## ব্লক ভিত্তিক ASHA দের শূন্য পদের তালিকা

সংযোজনী-২

| ক্র: সংখ্যা | ব্লকের নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | সাব-সেন্টার নাম | গ্রামের নাম | পদের সংখ্যা | কারা অগ্রাধিকার পাবেন (তপশিলি জাতি/ উপজাতি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | বিষ্ণুপুর | লায়েকবাঁধ | লোখেশোল | মেটালতোড়া, জাঙ্গীরপুর, বীজপুর, ধরমবাঁধ, শালবাগান | ১ | তপশিলি উপজাতি |
| ২ | বিষ্ণুপুর | উলিয়াড়া | উলিয়াড়া | প্রকাশ দক্ষিণপাড়া | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ৩ | বিষ্ণুপুর | অযোধ্যা | আমড়াল | পশ্চিমনিশ্চিন্তপুর, মুচডাঙ্গা, বাঁশকোপা, আমরাল, বাউড়ীপাড়া, ধরাপাট, সাঁওতালপাড়া, পাইকপাড়া বাউড়ীপাড়া | ১ | তপশিলি জাতি |
| ৪ | বিষ্ণুপুর | মড়ার | মড়ার | মড়ার, নামোপাড়া, খানপাড়া | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ৫ | জয়পুর | শ্যামনগর | বেলিয়া | মোবারকপুর, ঘোঘড়া, তসরআড়া, তাঁতিপুকুর | ১ | তপশিলি জাতি |
| ৬ | জয়পুর | ময়নাপুর | হিজলডিহা | হিজলডিহা (হাঁড়িপাড়া, ডোমপাড়া, দোলতলা) কল্লাইয়া, মধুরপুর | ১ | তপশিলি জাতি |
| ৭ | জয়পুর | উত্তরবাড় | উত্তরবাড় | বাগুয়াপাড়া, জরকা | ১ | তপশিলি জাতি |
| ৮ | জয়পুর | উত্তরবাড় | বাঁকাটী | বনপোদুয়া | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ৯ | জয়পুর | হেতিয়া | হেতিয়া | ভিটসায়েরচর, কেলোরডাঙ্গা, ভুরকুন্ডাচর | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১০ | জয়পুর | হেতিয়া | হেতিয়া | টনদীঘি, বাড়াটনদীঘি, ফুলপুকুর, নন্দনপুর | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১১ | জয়পুর | রাউৎখণ্ড | রুইশহর | বিক্রমপুর | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১২ | কোতুলপুর | কোতুলপুর | শিরোমনিপুর | শিরোমনিপুর | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১৩ | কোতুলপুর | কোতুলপুর | নর্থ কোতুলপুর | কোতুলপুর (CT) | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১৪ | কোতুলপুর | কোতুলপুর | কোতুলপুর BPHC | গাঁতি | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১৫ | কোতুলপুর | গোপিনাথপুর | সাহানা রঘুনাথপুর | নন্দগ্রাম | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ১৬ | কোতুলপুর | মদনমোহনপুর | খুনডাঙ্গা | খুনডাঙ্গা | ১ | তপশিলি জাতি |
| ১৭ | ইন্দাস | সাহসপুর | চারিগ্রাম | চারিগ্রাম (চারিগ্রাম দক্ষিণপাড়া, আরখালি ) | ১ | তপশিলি জাতি |
| ১৮ | ইন্দাস | সাহসপুর | সাহসপুর | মুসারবার ও সাহসপুর (দয়ারামপুর,সাহসপুর নাপিতপাড়া, শুঁড়িপাড়া, মুসারবার [সাহসপুর]) | ১ | তপশিলি জাতি |
| ১৯ | ইন্দাস | আমরুল | কেনেটি | পাটরাই [মেটেপাড়া, ঘোষপাড়া, চ্যাটার্জীপাড়া (পাটরাই)] | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২০ | ইন্দাস | দিঘলগ্রাম | দিঘলগ্রাম | দিঘলগ্রাম (ব্যানার্জীপাড়া , ডোমপাড়া ,আদিবাসীপাড়া, কুন্ডুপাড়া, পাতিগেড়ে, মায়েরলতা, ভাটপুকুর | ১ | তপশিলি জাতি |
| ২১ | ইন্দাস | ইন্দাস -১ | ইন্দাস | হরিপুর ও শ্রীরামপুর (শ্রীরামপুর, হনুমানডাঙ্গা [পূর্ব হরিপুর]) | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২২ | ইন্দাস | মঙ্গলপুর | বেহার | বেহার, জোত-বেহার (সাহাবাজপুর) | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২৩ | পাত্রসায়ের | বিউর বেতুড় | বেতুড় | বাঙ্গালডাঙ্গা, দলুসায়েরপাড়, কালুরায়তলা, নিমদিঘি, বামুনপাড়া, নাপিতপাড়া, কায়স্থপাড়া,মাঝপাড়া | ১ | তপশিলি জাতি |
| ২৪ | পাত্রসায়ের | হামিরপুর | নহলা | বাজিতপুর, রাখাডাঙ্গা | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২৫ | পাত্রসায়ের | হামিরপুর | খোসালপুর | মিশ্রপুকুর, কেশবপুর | ১ | তপশিলি জাতি |
| ২৬ | পাত্রসায়ের | বেলুট রসুলপুর | বীজপুর | মামুদপুর | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২৭ | পাত্রসায়ের | কুশদ্বীপ | সাহাপুর | মাঞ্চা, রহমতপুর, কল্লাচি, নন্দীডাঙ্গা | ১ | তপশিলি জাতি |
| ২৮ | সোনামুখী | পিয়ারবেড়া | সিমলা | চাকাই | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ২৯ | সোনামুখী | কোচডিহি | কোচডিহি | কোচডিহি | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ৩০ | সোনামুখী | পূর্ব নবাসন | নবাসন | সোনাদ্বীপা | ১ | তপশিলি জাতি |
| ৩১ | সোনামুখী | ডিহিপাড়া | ডিহিপাড়া | হুড়কতলা | ১ | অগ্রাধিকার প্রযোজ্য নয় |
| ৩২ | সোনামুখী | পিয়ারবেড়া | সিমলা | সিমলা | ১ | তপশিলি জাতি |
| মোট শূন্য পদ | | | | | ৩২ | |

স্বা:/- ০৯/০৩/২০২২

সদস্য সচিব,
আশা (ASHA) নির্বাচন কমিটি
ও
মহকুমা শাসক
বিষ্ণুপুর, বাঁকুড়া ।